

সেনাপ্রধানের বাবা শরিফুল হক আর নেই

বাংলা ট্রিবিউন রিপোর্ট

২৪ জানুয়ারি ২০১৮, ১৩:৪১



দুই ছেলে প্রয়াত মেয়র ও সেনাপ্রধানের সঙ্গে শরিফুল হক (ছবি- প্রয়াত মেয়রের ফেসবুক থেকে নেওয়া)

সেনাপ্রধান আবু বেলাল মোহাম্মদ শফিউল হক ও ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রয়াত মেয়র আনিসুল হকের বাবা শরিফুল হক মারা গেছেন (ইন্না লিল্লাহে ... রাজিউন)। বুধবার (২৪ জানুয়ারি) সকাল ১১টা ১৫ মিনিটে ঢাকার সম্মিলিত সামরিক হাসপাতালে (সিএমএইচ) তিনি মারা যান।

প্রয়াত মেয়র আনিসুল হকের সাবেক একান্ত ব্যক্তিগত সহকারী এ এস এম মিজানুর রহমান এ তথ্য জানিয়েছেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৯৬ বছর।

মিজানুর রহমান বলেন, ‘বার্ধক্যজনিত অসুস্থতার কারণে শরিফুল হককে গত সপ্তাহে সিএমএইচে ভর্তি করা হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়েছে।’

জানা গেছে, প্রয়াত মেয়র আনিসুল হকের বাসায় ছিলেন তার বাবা শরিফুল হক। আনিসুল হক লন্ডনে অসুস্থ হয়ে পড়ার পর তার বনানীর বাসা থেকে আরেক ছেলে সেনাপ্রধানের সেনানিবাসের বাসায় ছিলেন তিনি।